

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
লেজিসলেটিভ সাপোর্ট উইং
আইন প্রণয়ন শাখা-১
www.parliament.gov.bd

সোমবার ২৩ চৈত্র ১৪৩২ মোতাবেক ৬ এপ্রিল ২০২৬
বিকাল ৩:৩০ মিনিটে অনুষ্ঠেয় সংসদের বৈঠকের জন্য
দিনের কার্যসূচি

প্রশ্ন

প্রশ্ন জিজ্ঞাসা এবং উত্তর
(অর্থ বিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ,
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর আওতায় প্রাপ্ত নোটিশসমূহ নিম্নলিখিত।

**জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর
গৃহীত নোটিশসমূহের উপর আলোচনা**

- ১। জনাব মোঃ শামছুর রহমান শিমুল বিশ্বাস (পাবনা-৫), মাননীয় সদস্য কর্তৃক আনীত ‘পদ্মা ব্যারেজ নির্মাণ’ প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় পানি সম্পদ মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।
(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)
- ২। জনাব জয়নুল আবেদীন (বরিশাল-৩), মাননীয় সদস্য কর্তৃক আনীত ‘মুলাদী ও বাবুগঞ্জ এলাকায় রাস্তাঘাট ও অবকাঠামোর করণ অবস্থার উন্নয়নে জরুরি ব্যবস্থা গ্রহণ’ প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।
(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)
- ৩। জনাব আখতার হোসেন (রংপুর-৪), মাননীয় সদস্য কর্তৃক আনীত ‘দেশে হামের প্রাদুর্ভাব রোধে জরুরী পদক্ষেপ গ্রহণ’ প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।
(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

উপস্থাপনীয় কাগজপত্র

জনাব আমির খসরু মাহমুদ চৌধুরী, মাননীয় অর্থ মন্ত্রী, সরকারি অর্থ ও বাজেট ব্যবস্থাপনা আইন, ২০০৯ এর ১৫(৪) ধারা অনুযায়ী ‘২০২৫-২৬ অর্থবছরের প্রথম প্রান্তিকের বাজেট বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন’ উপস্থাপন করিবেন।

আইন প্রণয়ন কার্যাবলী

- ১(ক)। জনাব মোঃ মিজানুর রহমান মিনু, মাননীয় ভূমি মন্ত্রী, ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ ও কৃষিভূমি সুরক্ষার উদ্দেশ্যে আনীত একটি বিল [ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ ও কৃষিভূমি সুরক্ষা বিল, ২০২৬] উত্থাপনের জন্য অনুমতি প্রার্থনা করিবেন।
- ১(খ)। অনুমতি মঞ্জুর করা হইলে তিনি বিলটি উত্থাপন করিবেন।
- ১(গ)। জনাব মোঃ মিজানুর রহমান মিনু, মাননীয় ভূমি মন্ত্রী, প্রস্তাব করিবেন যে, “ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ ও কৃষিভূমি সুরক্ষা বিল, ২০২৬” পরীক্ষাপূর্বক রিপোর্ট প্রদানের জন্য ‘বিশেষ কমিটি’তে প্রেরণ করা হউক।

রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাব

মহামান্য রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাবের উপর আলোচনা।

ঢাকা,
২২ চৈত্র ১৪৩২
৫ এপ্রিল ২০২৬

ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া
সচিব।